অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) 2024 সালে স্টেটব্যাপী সন্ত্রাসবিরোধী প্রস্তুতিমূলক কার্যক্রমের বিষয়ে নিউ ইয়র্কবাসীদের আপডেট প্রদান করেন

গত বছর সন্ত্রাসবিরোধী 900টিরও বেশি যৌথ প্রশিক্ষণ মহড়া সম্পন্ন হয়েছে

স্টেডিয়াম, ক্যাম্পাস ও ট্রান্সপোর্টেশন হাবের পাশাপাশি স্টেটব্যাপী 200টিরও বেশি জনসমাবেশের স্থানসমূহ পরীক্ষা করা হয়েছে

সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে নজরদারি এবং রিপোর্ট বৃদ্ধি করার জন্য ব্যবসা প্রতিষ্ঠান, গুরুত্বপূর্ণ অবকাঠামো সাইট, রেল স্টেশন ও ট্রাক ভাড়া করার জায়গাসমূহে কার্যক্রম পরিচালিত হবে

জনসাধারণের 1-866-SAFE-NYS (1-866-723-3697) এ আইন প্রয়োগকারীদের কাছে সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে রিপোর্ট করা উচিত

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) এর অফিস অব কাউন্টার টেরোরিজম (Office of Counter Terrorism) নিউ ইয়র্ক স্টেট পুলিশের সহযোগিতায় জনসাধারণের সতর্কতা বৃদ্ধির জন্য ও সন্দেহজনক কার্যকলাপের রিপোর্ট বৃদ্ধির জন্য 2024 সালে স্টেটব্যাপী 900টিরও বেশি স্থানে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেছে। এর মধ্যে স্টেট জুড়ে 200 টিরও বেশি উন্নয়ন এলাকার অনুসন্ধান অন্তর্ভুক্ত ছিল। 80টিরও বেশি ফেডারেল, স্টেট, স্থানীয় ও উপজাতীয় আইন প্রয়োগকারী এজেন্সির সন্ত্রাসবিরোধী বিশেষজ্ঞরা স্টেটের প্রায় প্রতিটি কাউন্টিতে সন্দেহজনক কার্যকলাপ সনাক্ত করতে এবং রিপোর্ট করার জন্য ব্যবসা প্রতিষ্ঠানসমূহের দক্ষতার মূল্যায়ন করার কার্যক্রম সম্পন্ন করেছে। আইন প্রয়োগকারী ও OCT কর্মীগণ ভ্রমণকারীদের 'কিছু দেখুন, কিছু বলুন' প্রচারের গুরুত্ব স্বরণ করিয়ে দেওয়ার জন্য এই বছর 66টি NY-SECURE রেল কাউন্টার টেরোরিজমের বিস্তারিত সম্পন্ন করেছেন। গভর্নর Hochul (হোকল) আলবানি, বাফেলো, রচেস্টার ও প্ল্যাটসবার্গে FBI জয়েন্ট টেররিজম টাস্ক ফোর্স গ্রুপে বারোজন অতিরিক্ত তদন্তকারী ও দুইজন কমিশনড অফিসার মোতায়েন করার জন্য তহবিল প্রদান করেছিলেন। গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টার (New York State Intelligence Center) এর একটি উন্নয়নেও অর্থায়ন করেছেন, যার মধ্যে সোশ্যাল মিডিয়া গোয়েন্দা বিশ্লেষক ও সন্ত্রাসবিরোধী গোয়েন্দা বিশ্লেষকদের সংযোজন অন্তর্ভুক্ত ছিল।

“নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমার সর্বোচ্চ অগ্রাধিকার – এবং এটি করার জন্য অপ্রত্যাশিত পরিস্থিতির সময় আমাদের সবসময় পদক্ষেপ দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।” **বলেছেন গভর্নর Hochul (হোকল)** “স্থানীয়, স্টেট ও ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার সাথে অংশীদারিত্বে চরিচালিত এই সুরক্ষা প্রশিক্ষণ অনুশীলন ও মূল্যায়নের মাধ্যমে আমরা নিশ্চিত করছি যে উদ্ধারকারী দলের তাদের কমিউনিটিকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা ও সংস্থান রয়েছে, পাশাপাশি জনসাধারণ সতর্ক ও সজাগ রয়েছে তা নিশ্চিত করছি।”

স্টেটের 16 টি কাউন্টার টেরোরিজম জোনের প্রতিটিতে 350 জনেরও বেশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যের অংশগ্রহণে মহড়া পরিচালনা করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এই প্রক্রিয়ার অংশ হিসেবে, দলগুলো 700টিরও বেশি খুচরা বিক্রেতা ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে সন্দেহজনক কার্যক্রমের রিপোর্ট ও স্বীকৃতির মূল্যায়ন করে যা কেমিক্যাল, যৌগ, উপাদান, সার্ভিস বা ভাড়া স্থান বা সংস্থান বিক্রি করে যেগুলো খারাপ উদ্দেশ্যের মাধ্যমে অপব্যবহার হতে পারে। এর মধ্যে 2024 সালে 36টি ট্রাক ভড়া করার স্থান ও 2016 সাল থেকে 600টিরও বেশি স্থান অন্তর্ভুক্ত ছিল। অনুশীলনের অংশ হিসেবে, টিমগুলো স্টেডিয়াম ও থিয়েটার, মল ও শপিং সেন্টার, কলেজ ও বিশ্ববিদ্যালয়, বিমানবন্দর, ট্রানজিট হাব ও অন্যান্য গণ-সমাবেশের স্থানগুলো সহ স্টেট জুড়ে 200 টিরও বেশি অবকাঠামো স্থানগুলো মূল্যায়ন করেছে। 58 শতাংশ স্থান নতুন ছিল এবং আগের বছরগুলোতে পরিদর্শন করা হয়নি, যা 2023 সালের তুলনায় 18 শতাংশ বৃদ্ধি পেয়েছে। 2016 সাল থেকে নিউ ইয়র্ক জুড়ে মোট 7,300টিরও বেশি অনুশীলন পরিচালিত হয়েছে।

OCT নিউ ইয়র্ক জুড়ে 50টিরও বেশি সন্ত্রাসবাদ সচেতনতামূলক উপস্থাপনার মাধ্যমে অতিরিক্ত 1,400 জন নিউ ইয়র্কবাসীকে প্রশিক্ষণ প্রদান করেছে, এবং OCT-এর সাইবার ইনসিডেন্ট রেসপন্স টিম সচেতনতা ও প্রস্তুতি নিশ্চিত করতে 2,600 এরও বেশি স্টেট ও স্থানীয় সরকার স্টেকহোল্ডারদের সাইবার হুমকির সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেছে।

যেহেতু 2016 সাল থেকে স্টেট-সমন্বিত প্রচেষ্টা শুরু হওয়ার পর, এই অনুশীলনের সময় NYS সন্ত্রাসবাদ টিপস লাইনে রিপোর্ট করা সন্দেহজনক কার্যক্রম 33 শতাংশ বৃদ্ধি পেয়েছে, কার্যকর প্রচার ও প্রশিক্ষণ প্রদর্শন করেছে, পাশাপাশি জনসাধারণের নজরদারি ও রিপোর্টিং বৃদ্ধি করেছে।

অপারেশন NY-SECURE
হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর স্টেট ডিভিশন (State Division of Homeland Security and Emergency Services) আমট্রাক রুট ও MTA কমিউটার লাইনে সন্ত্রাস দমন ও ঘটনার প্রতিক্রিয়ার বিবরণ পরিচালনা করতে "অপারেশন NY-SECURE" এ ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে সংযোগিতা করেছে। এই বিবরণগুলো প্রতিটি স্টেশনের জন্য দায়ী রেলপথ পুলিশ এজেন্সি ও স্টেট এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর মধ্যে সমন্বয় ও প্রতিক্রিয়া উন্নত করে যা সেই স্থানগুলোতে জরুরি পরিস্থিতিতে সাড়া দেয়। এইসব দৃশ্যমান, অঘোষিত বিবরণগুলোর মধ্যে প্ল্যাটফর্ম টহল বৃদ্ধি, ট্রেনগুলোতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার, বিস্ফোরক শনাক্তকরণ, কুকুরের নেতৃত্বে বিস্ফোরক অনুসন্ধান এবং গুপ্তচরবৃত্তি প্রতিরোধ ব্যবস্থা অন্তর্ভুক্ত ছিল।

2024 সালে, অপারেশন NY-SECURE স্টেট জুড়ে 66 টি বিবরণ সম্পন্ন করেছে। টিমগুলো স্টেট জুড়ে 54টি একক স্টেশনের বিস্তারিত ও এম্পায়ার লাইন বরাবর আমট্রাক ও MTA স্টেশনগুলোতে 12টি মাল্টি-স্টেশনের বিবরণ পরিচালনা করেছে। 2018 সালে প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে, আইন প্রয়োগকারী টিমগুলো স্টেট জুড়ে 513টি কার্যক্রমের বিস্তারিত পরিচালনা করেছে। 2025 সালেও এই কার্যক্রম অব্যাহত থাকবে।

"যদি আপনি কিছু দেখেন তাহলে কিছু বলুন"
নিউ ইয়র্কবাসীকে তাদের চারপাশের বিষয়ে সতর্ক থাকতে এবং যেকোনো সন্দেহজনক কার্যক্রম সম্পর্কে রিপোর্ট করতে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টার (New York State Intelligence Center) এর টেরোরিজম টিপ লাইনে ফোন বা অনলাইনে 1-866-SAFENYS (1-866-723-3697) এ রিপোর্ট করা যেতে পারে। নিউ ইয়র্কবাসীগণ সেফগার্ড নিউ ইয়র্ক ওয়েবপেজ থেকে "সি সামথিং, সে সামথিং" স্মার্টফোনের অ্যাপ ডাউনলোড করতে পারবেন। যদি কোনও জরুরি পরিস্থিতির সম্মুখীন হয়ে থাকেন তাহলে অনুগ্রহ করে 9-1-1 নম্বরটি ডায়াল করুন।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) এর কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "আমরা আমাদের স্থানীয় সরকার ও আইন প্রয়োগকারী সংযোগীদের সাথে সারা বছরব্যাপী ঘনিষ্ঠভাবে কাজ করি, সম্ভাব্য সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য প্রস্তুত করার জন্য নিরাপত্তা প্রশিক্ষণ পরিচালনা করি। নিউ অরলিন্স ও লাস ভেগাসের ঘটনাগুলো আমাদের নিরাপত্তা রক্ষায় সহায়তার জন্য সাবধানে থাকা, সতর্ক থাকা ও সন্দেহ কার্যক্রমের রিপোর্ট করা আমাদের সকলের পক্ষে কতটা গুরুত্বপূর্ণ তা ভয়ঙ্কর স্মৃতি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিনটেনডেন্ট Steven G. James (স্টিভেন জি. জেমস) বলেন, "সন্দেহজনক কার্যক্রম কীভাবে চিহ্নিত করা যায় এবং আইন প্রয়োগকারীকে কীভাবে অবহিত করা যায় সে বিষয়ে ব্যবসা প্রতিষ্ঠান ও জনগণকে অবহিত করা সন্ত্রাসবাদ প্রতিরোধের জন্য গুরুত্বপূর্ণ। স্থানীয় ও স্টেটের প্রথম সাড়াদানকারীরা যেকোনো ধরনের জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহযোগিতামূলকভাবে কাজ করতে প্রস্তুত থাকবে তা নিশ্চিত করতে পরিকল্পনা, সমন্বয় এবং প্রশিক্ষণ সবই অপরিহার্য। নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা ও সুরক্ষিত রাখতে আমাদের অব্যাহত প্রচেষ্টার জন্য এই মহড়া অপরিহার্য।"

2022 সালের 14 মে-তে বাফেলোর টপস ফ্রেন্ডলি মার্কেটস স্টোরে বর্ণবাদীগণ গণহারে গুলো করে 10 জন নিহত হওয়ার পরে, গভর্নর Hochul (হোকল) DHSES এ নিউ ইয়র্কের প্রথম ঘরোয়া সন্ত্রাসবাদ প্রতিরোধ ইউনিট প্রতিষ্ঠার নির্বাহী আদেশ 18 জারি করেন, যা এখন 18 জনকে নিয়োগ প্রদান করে এবং স্টেট ও নিউ ইয়র্ক সিটির প্রতিটি কাউন্টিকে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ মেকাবেলার পরিকল্পনার অগ্রগতির প্রয়োজন হয়। এটি সমস্ত 57টি কাউন্টি ও নিউ ইয়র্ক সিটিতে স্থানীয় মাল্টি-ডিসিপ্লিনারি থ্রেট অ্যাসেসমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট (Threat Assessment and Management, TAM) টিমগুলোর উন্নয়নে সহায়তা করার জন্য এখন পর্যন্ত 20 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছে। এখন 47টি TAM টিম রয়েছে এবং অবশিষ্ট কাউন্টিগুলো তাদের তৈরি করার জন্য পদক্ষেপ নিচ্ছে। এই TAM টিমগুলো প্রাথমিক পর্যায়ে সন্দেহজনক আচরণকে মোকাবেলায় সাহায্য করে যা মানুষকে উগ্রপন্থার দিকে পরিচালিত

করে এমন পদক্ষেপ গ্রহণ করে এবং অভ্যন্তরীণ বিদ্রোহ, পারিবারিক সহিংসতার চরমপন্থা ও তীব্র বর্বরতা মোকাবেলায় আইন প্রয়োগকারী সংস্থা, স্কুল, মনোরোগ বিশেষজ্ঞ ও অন্যদের মত স্থানীয় সংগঠনসমূহের সমন্বয়ে গঠিত। 2023 সালের নভেম্বর মাসে, গভর্নর Hochul (হোকল) স্টেটব্যাপী সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়কে প্রশিক্ষণ ও সাহায্য প্রদানের জন্য DTPU এর মিশনকে সম্প্রসারণ করেছেন। আজ, নিউ ইয়র্কে TAM টিম নেটওয়ার্কের স্টেট জুড়ে সক্রিয় সহিংসতা প্রতিরোধের প্রচেষ্টায় জড়িত 800 টিরও বেশি স্টেকহোল্ডার রয়েছে – যা 2023 থেকে 25 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর জন্য প্রস্তুতি নেওয়া, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে সেরে উঠা, এবং এগুলো প্রশমনের জন্য নেতৃত্ব, সমন্বয়, ও সহায়তা প্রদান করছে। আরও তথ্যের জন্য Facebook-এ, Twitter-এ DHSES খুঁজুন অথবা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন